# ২০ আগস্ট রাষ্ট্রপতি নির্বাচন, ২১ আগস্ট শপথ: চিফ হুইপ



নুরুল ইসলাম। ছবি: সংগৃহীত

দীর্ঘ ৩৫ বছর পর বৃহস্পতিবার (২০ আগস্ট) রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। ওই দিন দুপুরে ভোটগ্রহণ হবে। ভোট শেষে ফলাফল ঘোষণা ও গেজেট প্রকাশ করা হবে। পরদিন শুক্রবার (২১ আগস্ট) সন্ধ্যায় নতুন রাষ্ট্রপতির শপথ অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন জাতীয় সংসদের চিফ হুইপ মো. নূরুল ইসলাম।

বুধবার (১৯ আগস্ট) দুপুরে তিনি এসব তথ্য জানান।

রাষ্ট্রপতি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন ক্ষমতাসীন বিএনপির প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় ঐক্যের প্রার্থী অলি আহমদ।

নির্ধারিত সময়ের মধ্যে দুই প্রার্থীর কেউই মনোনয়ন প্রত্যাহার করেননি। ফলে নির্বাচনী তফসিল অনুযায়ী বৃহস্পতিবার দুপুরে রাষ্ট্রপতি পদে ভোটগ্রহণ হবে।

নির্বাচনের ফল প্রকাশের পর নির্বাচিত প্রার্থীর নামে গেজেট জারি করা হবে। এরপর শুক্রবার সন্ধ্যায় নতুন রাষ্ট্রপতির শপথ অনুষ্ঠানের আয়োজন করা হবে।

শপথ অনুষ্ঠানে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি, সরকারপ্রধান, মন্ত্রিসভার সদস্য, বিভিন্ন রাজনৈতিক দলের নেতা, সংসদ সদস্য, সুপ্রিম কোর্টের বিচারপতি, উর্ধ্বতন বেসামরিক ও সামরিক কর্মকর্তা, কূটনীতিক এবং আমন্ত্রিত অতিথিদের উপস্থিত থাকার কথা রয়েছে।

LENS ASIA

এর আগে গত ২৪ জুলাই ‘শারীরিক ও মানসিক’ গুরুতর অসুস্থতার কারণ দেখিয়ে রাষ্ট্রপতির পদ থেকে সরে দাঁড়ান মো. সাহাবুদ্দিন। তার পদত্যাগের পর রাষ্ট্রপতি পদটি শূন্য হয় এবং নতুন রাষ্ট্রপতি নির্বাচনের প্রক্রিয়া শুরু করা হয়।